গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তথ্য ব্যবস্থাপনা-১ অধিশাখা
www.sid.gov.bd

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বার্ষিক প্রতিবেদন ২০২১-২০২২ প্রস্তুত/মুদ্রণ/প্রকাশ কমিটির ২য় সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোছাঃ সুলতানা পারভীন<br>যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| তারিখ ও সময় | : | ০৭ আগস্ট ২০২২, রবিবার, সকাল ১১.০০ মিনিট |
| স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ (ব্লক-বি, লেভেল-১০) |
| সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা | : | সংযোজনী- 'ক'। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর তাঁর অনুমতিক্রমে মোসাঃ কামরুন্নাহার, উপসচিব বিগত সভার সিদ্ধান্তের আলোকে বাস্তবায়ন অগ্রগতি সভায় অবহিত করেন। তিনি সভায় জানান, বিগত সভায় গঠিত ৪টি সাব-কমিটি ToR-অনুযায়ী সন্তোষজনকভাবে অর্পিত কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করেছেন। তিনি সভায় আরও জানান, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের প্রশাসন উইং-এর সকল অধিশাখা/শাখার বার্ষিক প্রতিবেদন সংক্রান্ত রিপোর্ট সমন্বিতভাবে প্রস্তুত করে প্রশাসন উইং কর্তৃক ১০ আগস্ট ২০২২ তারিখে কমিটির নিকট দাখিল করা হবে। এছাড়া উন্নয়ন ও তথ্য ব্যবস্থাপনা উইং, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সকল উইং/প্রকল্প/কর্মসূচীর প্রতিবেদন ইতোমধ্যে পাওয়া গিয়েছে।

১. এ পর্যায়ে প্রচ্ছদ সংক্রান্ত সাব-কমিটি কর্তৃক সংগৃহীত ৮টি প্রচ্ছদ সভায় উপস্থাপন করা হয়। সভার সদস্যগণ প্রচ্ছদসমূহ পর্যালোচনান্তে আরও ৭/৮টি মানসম্মত ও সুস্পষ্ট প্রচ্ছদ সংগ্রহপূর্বক পরবর্তী সভায় উপস্থাপনের জন্য সুপারিশ করেন।

২. ছবি সংগ্রহ সংক্রান্ত সাব-কমিটি কর্তৃক বাছাইকৃত ২৩০টি ক্যাপশনসহ ছবি সভায় উপস্থাপন করা হয়। সভার সদস্যগণ উক্ত ছবিসমূহ পর্যবেক্ষণ করেন এবং কতিপয় গুরুত্বপূর্ণ ও বিষয়ের সাথে সামঞ্জস্যপূর্ণ প্রয়োজনীয় ছবি বাছাই করার পরামর্শ দেন। সদস্যগণ সভায় আরও বলেন, ছবির তারিখ, স্থান, অনুষ্ঠানের নাম এবং প্রধান অতিথির নাম (প্রযোজ্য ক্ষেত্রে) সুস্পষ্টরূপে ক্যাপশনে উল্লেখপূর্বক ছবি উপস্থাপন করতে হবে। সভায় জনাব খন্দকার মোঃ মাহাবুবুর রহমান, সিনিয়র সহকারী সচিব বলেন, IAPA সংক্রান্ত সকল কার্যক্রমের ১টি করে ছবি সংযুক্ত করা হলে স্বয়ংসম্পূর্ণ বার্ষিক প্রতিবেদন পাওয়া যাবে এবং প্রশাসন উইং হতে এরূপ পরিপূর্ণ প্রতিবেদন দাখিল করা হবে। এ বিষয়ে সভাপতি বলেন, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ০৩টি উইং বরাবরে ছবিসমূহ প্রেরণ করলে প্রতিবেদন ও তার সাথে সংশ্লিষ্ট ছবি মিলিয়ে উইং হতেই প্রয়োজনীয় ছবি সিলেক্ট করে জমা দেওয়ার বিষয়ে মতামত ব্যক্ত করেন।

৩. এ পর্যায়ে বাণী ও Acronyms কমিটি কর্তৃক দাখিলকৃত বাণীসমূহের বিষয়ে সভায় আলোচনা হয়। সভাপতি বলেন, বাণীসমূহ অধিকতর সুস্পষ্ট ও যথাযথ হতে হবে এবং Acronyms প্রতিবেদন (খসড়া) প্রস্তুতের পর সংযুক্ত করতে হবে। এবিষয়ে জনাব নূরজাহান, উপসচিব এবং মোঃ ইমরান আহমেদ, উপসচিব-কে বাণীসমূহ পুনরায় প্রয়োজনীয় ক্ষেত্রে সংশোধন, সংযোজন ও পরিমার্জন করে প্রস্তুতপূর্বক কমিটির নিকট দাখিলের জন্য দায়িত্ব দেওয়া যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়।

৪. সভাপতি বলেন, বার্ষিক প্রতিবেদন ২০২১-২২ প্রণয়নের লক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সকল উইং/প্রকল্প/কর্মসূচী হতে প্রাপ্ত তথ্য ও ছবি (ক্যাপসনসহ) চূড়ান্তকরণের জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সকল উইং প্রধানের নিকট প্রেরণ করতে হবে। অত:পর উইং প্রধানগণ হতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে প্রয়োজনীয় তথ্য ও ছবি (ক্যাপসনসহ)-র সমন্বয়ে বার্ষিক প্রতিবেদন ২০২১-২২ প্রণয়ন করা হবে।

৫. সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক) ২১ আগস্ট ২০২২ তারিখের মধ্যে 'বার্ষিক প্রতিবেদন ২০২১-২২'-এর খসড়া মূল কমিটির নিকট দাখিল করতে হবে।

খ) জনাব নূরজাহান, উপসচিব এবং জনাব মোঃ ইমরান আহমেদ, উপসচিব বাণীসমূহ পুনরায় প্রয়োজনীয় ক্ষেত্রে সংশোধন, সংযোজন ও পরিমার্জন করে প্রস্তুতপূর্বক কমিটির নিকট দাখিল করবেন।

গ) বার্ষিক প্রতিবেদন ২০২১-২২ প্রণয়নের জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সকল উইং/প্রকল্প/কর্মসূচী হতে প্রাপ্ত তথ্য ও ছবি (ক্যাপসনসহ) চূড়ান্তকরণের জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সকল উইং প্রধানের নিকট প্রেরণ করতে হবে। উইং ভিত্তিক প্রতিবেদন-এর তথ্য, ছবির সঠিকতা, বানান ও অন্যান্য সকল শুদ্ধতা যাচাই করে প্রকাশের উপযোগী করে কমিটির নিকট ১৪ আগস্ট ২০২২ তারিখের মধ্যে দাখিল করতে হবে।

৬. সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

09/08/2022

(মোছাঃ সুলতানা পারভীন)
যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা)
ও
সভাপতি
বার্ষিক প্রতিবেদন ২০২১-২২ কমিটি

নং-৫২.০০.০০০০.০১৮.১৬.০১৩.২২-১১৯ তারিখ : ০৭-০৮-২০২২ খ্রি:

বিতরণ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা/প্রশাসন/উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা
২. মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা
৩. যুগ্মসচিব (প্রশাসন/ তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা
৪. জনাব কবির উদ্দিন আহম্মদ, পরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা
৫. জনাব নূরজাহান, উপসচিব, উন্নয়ন-১ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা
৬. জনাব মুহাম্মদ আতাউর রহমান ছিদ্দিকী, উপসচিব, পরিকল্পনা অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা
৭. জনাব মোঃ ইমরান আহমেদ, উপসচিব, সমন্বয়কারী, এসডিজি সেল (সংযুক্তি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা
৮. জনাব খন্দকার মোঃ মাহাবুবুর রহমান, সিনিয়র সহকারী সচিব, সমন্বয় ও সংস্কার শাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা
৯. জনাব কালাচাঁদ সরকার, হিসাব শাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা
১০. জনাব মুঃ ওয়াহিদ মুরাদ প্রোগ্রামার (আইসিটি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা
১১. জনাব মোঃ আজগর আলী, উপপরিচালক, এফএ এন্ড এমআইএস, আরডিপি শাখা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা
১২. সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি-২ শাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১৩. জনাব চিত্তরঞ্জন ঘোষ, সহকারী প্লেট মেকার, আরডিপি শাখা, এফএ এন্ড এমআইএস, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা

অনুলিপি: (সদয় অবগতির জন্য)

১. সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২. অফিস কপি/গার্ড ফাইল।

09.08.2022

(মোসাঃ কামরুন্নাহার)
উপসচিব
☎ ৫৫০০৭৩৮৪

## পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বার্ষিক প্রতিবেদন ২০২১-২০২২ প্রস্তুত/মুদ্রণ/প্রকাশ কমিটির ২য় সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের হাজিরা

সভাপতি : মোছাঃ সুলতানা পারভীন
যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

তারিখ ও সময় : ০৭ আগস্ট ২০২২, রোজ-রবিবার, সকাল ১১.০০ মিনিট

স্থান : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ, (ব্লক-বি)।

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর | ই-মেইল ও মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | | | | |
| ২. | মোসাঃ কামরুন্নাহার উপসচিব | SID | 01715024832 | 7.8.2022 |
| ৩. | খন্দকার মোঃ মাহবুবুর রহমান সিস্টেম | SID | 01713-084253 | 07/08/22 |
| ৪. | কবির উদ্দিন আহম্মদ পরিচালক | বিবিএস | 01711022636 kabiriddd@gmail.com | |
| ৫. | [illegible] প্রোগ্রামার | SID | [illegible] | |
| ৬. | মির্জা মোঃ আশরাফুল মুর্শেদ AME | SID | 01534321075 | |